

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
জেলা কার্যালয়
১৩৮, টি টি ডি সি পাড়া, ভায়না
মাগুরা ৭৬০০
bfsa.magura.gov.bd



বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকের সাথে জানুয়ারি-২০২৩ মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রিয়াজ মাহমুদ
নিরাপদ খাদ্য অফিসর, মাগুরা।
সভার তারিখ : ১০ জানুয়ারি, ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১:০০ টা।
স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকের সাথে মাসিক সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকের সাথে পরিচয়পর্ব সম্পন্ন করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে নমুনা সংগ্রহ সহকারী জনাব খাইরুল ইসলাম গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়।

সভাপতি মহোদয় বলেন 'নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য খাদ্য ব্যবসায়ী, খাদ্যকর্মী, ভোক্তা সহ সকল প্রতিষ্ঠানকে সচেতন হতে হবে।' এছাড়া খাদ্য প্রতিষ্ঠানের বিভিন্ন অব্যবস্থাপনা নিয়ে আলোচনা করেন এবং তা প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

আলোচ্য সূচি: ১

উপজেলা, জেলা পর্যায়ে বাজার / হোটেল / খাদ্যস্থাপনা মনিটরিং:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নিরাপদ খাদ্য নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শককে প্রতিটি উপজেলা ও জেলা পর্যায়ে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	মনিটরিং সন্তোষজনক হারে বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা ও দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শক।

আলোচ্য সূচি: ২

হোটেল-রেস্তোরা এর তথ্য সংগ্রহ :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
নিরাপদ খাদ্য নিশ্চিত করতে দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শককে প্রতিটি উপজেলা ও জেলা পর্যায়ে অবস্থিত হোটেল-রেস্তোরা তথ্য সংগ্রহ করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	প্রতিটি উপজেলা ও জেলা পর্যায়ে অবস্থিত হোটেল-রেস্তোরার তালিকা তৈরির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মেহেন্দুপুরা ও দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শক।

আলোচ্য সূচি: ৩

ঝুঁকিপূর্ণ খাদ্যস্থাপনার তালিকা হালনাগাদকরণ :


আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা কর্তৃক জেলাব্যাপী ঝুঁকিপূর্ণ খাদ্যস্থাপনার তালিকা হালনাগাদকরণ কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা কর্তৃক জেলাব্যাপী অবস্থিত খাদ্যস্থাপনার মধ্যে থেকে ঝুঁকিপূর্ণ খাদ্যস্থাপনার তালিকা প্রণয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা ও দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শক।

আলোচ্য সূচি: ৪

উপজেলা ও জেলা পর্যায়ে জনসচেতনতামূলক কার্যক্রম :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা কর্তৃক উপজেলা ও জেলা পর্যায়ে জনসচেতনতামূলক প্রচারণা কার্যক্রমের অংশ হিসেবে জনসাধারণের মধ্যে কর্তৃপক্ষের তথ্যবহুল বিভিন্ন লিফলেট, পোস্টার ও ব্যানার প্রচার কার্যক্রম বৃদ্ধি করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা কর্তৃক উপজেলা, জেলা ও গ্রাম পর্যায়ে কর্তৃপক্ষের তথ্যবহুল বিভিন্ন লিফলেট, পোস্টারের মাধ্যমে প্রচারের কার্যক্রম বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, জেলা কার্যালয়, মাগুরা ও দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শক।

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১১.০১.২০২৩

(মো: রিয়াজ মাহমুদ)

নিরাপদ খাদ্য অফিসার

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

জেলা কার্যালয়, মাগুরা

ফোনঃ ০১৬০১-২৫২৫০৩

ইমেইলঃ fso.magura@bfsa.gov.bd

স্মারক নং: ১৩.০২.৫৫০০.০০১.০৬.০০১.২১.

তারিখ: ২৭ পৌষ ১৪২৯
১১ জানুয়ারি ২০২৩

বিভরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২. সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩. জেলা প্রশাসক, মাগুরা।
৪. সিভিল সার্জন, মাগুরা।
৫. মেয়র, মাগুরা পৌরসভা।
৬. পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), মাগুরা।
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শক (উপজেলা, জেলা ও পৌরসভা) সকল, মাগুরা।
১০. অফিস কপি।